# বাগুইআটিতে মাকে খুন করে ধৃত ছেলে

আজকালের প্রতিবেদন

বাগুইআটিতে মাকে খুন করে দরজায় বাইরে থেকে তালা লাগিয়ে পালায় ছেলে। মঙ্গলবার রাতে নদিয়ার মায়াপুর থেকে গ্রেপ্তার হল ছেলে রুদ্রদীপ সর্দার (২২)। বাগুইআটির জগৎপুর কাঠপোল এলাকার ঘটনা। মৃত রুমা চক্রবর্তী (৪৩)। অভিযোগ আসার ৮ ঘণ্টার মধ্যেই ছেলেকে গ্রেপ্তার করেছে বাগুইআটি থানার পুলিশ।

পুলিশ জানিয়েছে, জগৎপুরে একটি



রুমা চক্রবর্তী।

ফ্ল্যাটে ভাড়ায় থাকতেন রুমা এবং তাঁর দ্বিতীয় পক্ষের স্বামী রঞ্জিত চক্রবর্তী। কয়েক বছর ধরে পারবারিক বিবাদ চলছিল। প্রায়ই গোলমাল হত। মঙ্গলবার রুমার প্রথমপক্ষের ছেলে রুদ্রদীপ সেই ফ্ল্যাটে যায়। দু'জনের মধ্যে অশান্তি চলাকালীন মাকে খুন করে পালিয়ে যায় রুদ্রদীপ। রাতে রুমার স্বামী রঞ্জিত এসে দেখেন দরজায় তালা দেওয়া। প্রথমে তিনি আত্মীয়–স্বজনদের কাছে খোঁজ নেন। কিন্তু রুমার খোঁজ না পেয়ে বাড়ির মালিকের কাছ থেকে চাবি নিয়ে দরজা খোলেন। এরপরই রুমার নিথর দেহ দেখতে পান। গলায় ওড়না পেঁচানো অবস্থায় ছিল। পুলিশ এসে দেহ ময়নাতদন্তে পাঠায়। তদন্তকারীদের প্রাথমিক অনুমান, শ্বাসরোধ করে খুন করা হয়েছে গৃহবধূকে। মায়ের খুনের কারণ জানতে ধৃত ছেলেকে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ।



দেশ বাঁচাও গণমঞ্চের প্রতিবাদ সভায় সভাপতি পূর্ণেন্দু বসু–সহ বিশিষ্টরা। ছবি: অভিজিৎ মণ্ডল

# নির্বাচন কমিশনের প্রহসন, প্রতিবাদে দেশ বাঁচাও গণমঞ্চ

আজকালের প্রতিবেদন

অঘোষিত রাষ্ট্রপতি শাসন জারি, উচ্চপদস্থ আধিকারিকদের অন্য রাজ্যে নির্বাচনী পর্যবেক্ষক হিসেবে পাঠিয়ে দেওয়া, এরপর সাপ্লিমেন্টারি ভোটার লিস্ট নিয়েও নানারকমের টালবাহানা। সব কিছুর প্রতিবাদে বুধবার, ধর্মতলার ডোরিনা ক্রসিংয়ে দেশ বাঁচাও গণমঞ্চ। ভোটার তালিকার নিবিড় সংশোধনের নামে যে প্রহসন–নাটক কয়েক মাস ধরে পশ্চিমবঙ্গে চলছে, তার যবনিকা পতন এখনও হয়নি। দেশ বাঁচাও গণমঞ্চের সভায় ছিলেন হুগলির অধিবাসী হাসির মল্লিক। সাপ্লিমেন্টারি ভোটার তালিকাতেও তাঁর নাম না থাকায় তিনি হতাশ। স্বভাবতই উদ্বিগ্নও। এরকম লক্ষ লক্ষ মানুষ প্রতিনিয়ত উদ্বিগ্ন হয়ে মানসিক অবসাদে ভুগছেন। দেশবাঁচাও গণমঞ্চের সদস্যদের নির্বাচন কমিশনের কাছে প্রশ্ন, সেইসব ভোটারের মানসিক অবসাদ, চিন্তাকে দূর করবে? কেন লজিক্যাল ডিসক্রিপেন্সির নামে হেনস্থা করা হচ্ছে বাংলার মানুষকে? কেন দিল্লি বাংলাকে ঔপনিবেশিক শাসনের গণ্ডিতে এনে ফেলতে চাইছে? এসবের প্রতিবাদেই রাস্তায় নামা। বুধবার প্রতিবাদী কথা, গান, কবিতায় দেশ বাঁচাও গণমঞ্চ ধিক্কার জানায় নির্বাচন কমিশনকে। সমস্ত বাঙালির কাছে তাদের আবেদন জানায়, তাঁরাও যেন এই অত্যাচার, এই অবিচারের বিরুদ্ধে একত্রে রাস্তায় নেমে প্রতিবাদ করেন। এদিনের সভায় ছিলেন দেশ বাঁচাও গণমঞ্চের সভাপতি পূর্ণেন্দু বসু, রন্তিদেব সেনগুপ্ত, বর্ণালি মুখার্জি, সুমন ভট্টাচার্য, সৈয়দ তানভির নাসরিন, সৈকত মিত্র, হরনাথ চক্রবর্তী–সহ সংগঠনের অন্য সদস্যরা।

## রিমোট সেন্সিং, ক্লাউড কম্পিউটিং নিয়ে আলোচনা

জিওস্পেসিয়াল টেকনোলজি বা ভূ–স্থানিক প্রযুক্তি সম্পর্কে জানানো হল ছাত্রছাত্রীদের। রিমোট সেন্সিং, ক্লাউড কম্পিউটিং ও ড্রোন প্রযুক্তি নিয়ে জানালেন বিশেষজ্ঞরা। সম্প্রতি কলকাতায় হল একটি আন্তর্জাতিক আলোচনাসভা। বিধাননগর কলেজে দু'দিনব্যাপী এই আলোচনাসভা হয়। কলেজের ভূগোল বিভাগ, ইন্টারনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেল (আইকিউএসি) এবং ইন্টিগ্রেটেড ইনস্টিটিউট অফ অ্যাডভান্সড রিসার্চ অ্যান্ড ইনফরমেশন (আইআইএআরআই)–এর যৌথ উদ্যোগে আলোচনাসভাটি পরিচালিত হয়। ২১ শতকে জিওস্পেসিয়াল প্রযুক্তির দ্রুত পরিবর্তন ও তার প্রয়োগ নিয়ে আলোচনা হয়। ছিলেন কলেজের অধ্যক্ষ ড. সৌরভ চক্রবর্তী, বিশিষ্ট বিজ্ঞানী অদিতি মুখার্জি, ডিভিসির অ্যাসোসিয়েট এক্সপার্ট সৌরভ কুণ্ডু, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের অধ্যাপক মেরি বিশ্বাস, আইআইএআরআই–এর নির্দেশক রাহুল চক্রবর্তী, বিধাননগর কলেজের অ্যাসোসিয়েট প্রোফেসর ড. আত্রেয় পাল–সহ ছাত্রছাত্রী ও অন্য অধ্যাপকরা।

# বিভূতিভূষণকে নিয়ে প্রদর্শনী

আজকালের প্রতিবেদন

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের মূল পাণ্ডুলিপি, চিঠি, তাঁর ব্যবহৃত পোশাক এবং বেশ কিছু দুষ্প্রাপ্য ছবি দেখতে পাবেন কলকাতা সেন্টার ফর ক্রিয়েটিভিটিতে। ২৪ মার্চ থেকে শুরু হয়েছে এই প্রদর্শনী। চলবে ১৯ এপ্রিল পর্যন্ত। শুধু বাংলা নয়, গোটা দেশ, এমনকী বিদেশেও সমাদৃত তাঁর অমর সৃষ্টি 'পথের পাঁচালী', 'চাঁদের পাহাড়', 'আরণ্যক'। প্রথম দিকে ছাপা সেই বইগুলিও দেখতে পাওয়া যাবে।

শুধু প্রদর্শনী নয়, বিভূতিভূষণকে নিয়ে আলোচনা থাকছে। তাঁকে নিয়ে তৈরি চলচ্চিত্র, গল্পপাঠের আসর। আলোচনায় বিভিন্ন দৃষ্টিভঙ্গি থেকে বিভূতিভূষণকে এই প্রজন্মের পাঠক ও লেখকরা তাঁদের মত তুলে ধরবেন। গৌতম ঘোষের তৈরি 'ফকির' চলচ্চিত্রটি প্রদর্শিতহবে। বিভিন্ন দিনে আলোচনায় অংশ নেবেন ড. ঈশান চক্রবর্তী, আবদুল কাফি, স্বামী সন্মাত্রানন্দ, রুশতী সেন, তপোব্রত ভাদুড়ী, কমলেশ্বর মুখার্জি প্রমুখ। চলচ্চিত্র পরিচালক সন্দীপ রায় এবং পিনাকী দে 'পথের পাঁচালী' ছায়াছবি তৈরির নানা অজানা কথা বলবেন। বিভূতিভূষণের নাতি তীর্থঙ্কর বন্দ্যোপাধ্যায় এই উদ্যোগ নিয়েছেন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়, চলচ্চিত্র পরিচালক অপর্ণা সেন, বিভূতিভূষণের পুত্রবধূ মিত্রা বন্দ্যোপাধ্যায়–সহ অন্য বিশিষ্টরা। উপস্থিত ছিলেন কলকাতা সেন্টার ফর ক্রিয়েটিভিটির চেয়ারপার্সন এবং ইমামি আর্টের সিইও রিচা আগরওয়াল। এই প্রদর্শনীর নাম দেওয়া হয়েছে 'পথের দেবতা'— 'গড অফ দ্য লিটল রোড'।



বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ব্যবহৃত ঘড়ি।

## চৈতি ছটপুজোয় গঙ্গায় তলিয়ে মৃত্যু

চৈতি ছটপুজো উপলক্ষে গঙ্গায় স্নান করতে গিয়ে তলিয়ে মৃত্যু হল এক যুবকের। বুধবার, ঘটনাটি ঘটেছে দক্ষিণ বন্দর থানা এলাকায়। মৃতের নাম গৌরব সাহা (১৯)। তিনি তপসিয়ার বাসিন্দা। এদিন সকাল ৭টা নাগাদ বন্ধুদের সঙ্গে স্কুপ ঘাটে গঙ্গায় স্নান করতে নেমেছিলেন গৌরব। হঠাৎই তিনি তলিয়ে যান। স্থানীয়রা পুলিশে খবর দেন। বিপর্যয় মোকাবিলা বাহিনীর কর্মীরা তাঁকে সংজ্ঞাহীন অবস্থায় উদ্ধার করে এসএসকেএম হাসপাতালে নিয়ে যায়। সেখানে চিকিৎসকেরা যুবককে মৃত ঘোষণা করেন।

## বৃদ্ধার সংজ্ঞাহীন দেহ উদ্ধার

বাড়ি থেকে এক বৃদ্ধার সংজ্ঞাহীন দেহ উদ্ধার হল। বুধবার, ঘটনাটি ঘটেছে বেলেঘাটা থানা এলাকায়। মৃতের নাম পুতুল দাস (৬০)। তিনি ড. সুরেশচন্দ্র ব্যানার্জি রোডের একটি বাড়িতে ছেলের সঙ্গে থাকতেন। এদিন সকাল ৫টা নাগাদ পুতুলদেবীকে একাধিকবার ডেকেও কোনও সাড়া পাননি তাঁর ছেলে। সন্দেহ হওয়ায় খবর যায় পুলিশে। বেলেঘাটা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেখে, বিছানায় বৃদ্ধার সংজ্ঞাহীন দেহ পড়ে রয়েছে। তাঁকে এনআরএস হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। পুলিশের প্রাথমিক ধারণা, শারীরিক অসুস্থতার কারণেই পুতুলদেবীর মৃত্যু হয়েছে।


পঞ্জাব নৈশনল বৈংক ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon!

**দখল বিজ্ঞপ্তি**
[রুল ৮(১) দ্রষ্টব্য]
(স্থাবর সম্পত্তির জন্য)

সার্কল অফিস খড়্গপুর, এসএএম ডিপার্টমেন্ট, ফ্লোর নং ৪, এম এস টাওয়ার–২, এইচপি পেট্রল পাম্পের কাছে, অটওয়াল রিয়েল এস্টেট, ওটি রোড, ইন্দা, খড়্গপুর, পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১৩০৫। ই–মেল: cokgpsam@pnb.bank.in

যেহেতু: পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত অ্যাকাউন্ট সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)–এর প্রত্যেকের নামের পাশে উল্লিখিত তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির/ বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক (তৎসহ, পরবর্তীতে উদ্ভূত সুদ ও চার্জ) আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৪) নং উপধারা অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে নীচে লেখা তারিখে নিম্নবর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি(গুলি) নিয়ে কোনওরূপ লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি(গুলি) নিয়ে কোনও প্রকার লেনদেন নিম্নে বর্ণিত অর্থাঙ্ক ও এর ওপর সুদ, চার্জ সমেত পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

| ক্রম নং | ক) ঋণগ্রহীতা/ জামিনদারের নাম খ) শাখার নাম | বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিবরণ | ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) বকেয়া অর্থাঙ্ক |
|---|---|---|---|
| ১ | ক) মিঃ সৌম্য পট্টনায়ক<br>অ্যাকাউন্ট নং: ২৩২২০০এনসি০০০০২৩২৯<br>খ) কেশিয়াড়ি (২৩২২০০) | জমি ও বাড়ির সমবন্ধক যার অবস্থান: মৌজা– বিনোদপুর, জে এল নং ৩২৮, এল আর খতিয়ান নং ৩৪৭, জমির পরিমাপ– ০৬ ডেসিমেল, পোঃঅঃ– বেলদা, বেলদা ১ নং গ্রাম পঞ্চায়েত, থানা– বেলদা, পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন–৭২১৪২৪। ২১.০৭.২০২২ তারিখের দলিল নং ৭২১৬ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক সৌম্য পট্টনায়ক।<br>চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– ১০ ফুট চওড়া মোরাম রাস্তা; দক্ষিণ– ড্রেন; পূর্ব– ১০ ফুট চওড়া মোরাম রাস্তা; পশ্চিম– খাল। | ক) ২০.১১.২০২৫<br>খ) ২৪.০৩.২০২৬<br>গ) ₹১০,২৭,৩৬৬.৬২ (দশ লক্ষ সাতাশ হাজার তিনশো ছেষট্টি টাকা এবং বাষট্টি পয়সা মাত্র), ৩১.১০.২০২৫ অনুযায়ী + উদ্ভূত সুদ ও চার্জ |

তারিখ: ২৪.০৩.২০২৬
স্থান: খড়্গপুর

প্রমোদ কুমার মাঝি
চিফ ম্যানেজার তথা অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক



Chola Enter a better life

**চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড**
কর্পোরেট অফিস:
'চোলা ক্রেস্ট', সি৫৪ এবং ৫৫, সুপার বি–৪, থিরু ভি ক ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, গিণ্ডি, চেন্নাই–৬০০০৩২, ভারত
রিজিওনাল অফিস: ৫৫ এবং ৫৫/১, চৌরঙ্গি রোড, ৪ নং ফ্লোর, চৌরঙ্গি কোর্ট, রবীন্দ্র সদনে নেহরু চিলড্রেন'স মিউজিয়ামের বিপরীতে, কলকাতা–৭০০০৭১, পশ্চিমবঙ্গ

**ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল (রুল ৮ ও ৯), রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ বন্ধকদাতার প্রতি এই নোটিস জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তিগুলি **চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড** (এখানে এর পরে **'চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড'** হিসেবে উল্লিখিত)–এর অনুমোদিত আধিকারিক **প্রতীকী দখল** নিয়েছেন। এই সুরক্ষিত পরিসম্পদগুলি ই–নিলামের মাধ্যমে **২৮.০৪.২০২৬ তারিখে 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' ও 'যেভাবে আছে'** ভিত্তিতে নিলাম করা হবে।

এতদ্দ্বারা জনসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **https://bankauctions.in/** এবং **https://cholamandalam.com/news/auction-notices** ওয়েবসাইটের মাধ্যমে আমরা প্রকাশ্য ই–নিলাম আয়োজন করতে চলেছি।

| ক্রম নং | অ্যাকাউন্ট নং এবং ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ বন্ধকদাতার নাম | ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ ও দাবিকৃত অর্থাঙ্ক | সুরক্ষিত পরিসম্পদের বিবরণ (স্থাবর সম্পত্তি) | ক) সংরক্ষণ মূল্য (আরপি) খ) বায়না জমা (ইএমডি) গ) বিড বাড়ানোর মূল্য | ক) ই–নিলামের তারিখ ও সময় খ) ইএমডি জমার শেষ তারিখ গ) পরিদর্শনের তারিখ ঘ) দখলের তারিখ (দখলের প্রকৃতি) |
|---|---|---|---|---|---|
| ১. | **লোন অ্যাকাউন্ট নম্বর: HE01DUP00000016413**<br>**ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ বন্ধকদাতা:**<br>**১. গুরুসদয় মুখার্জি (আবেদনকারী)** চ্যাটার্জি পাড়া, উখরা সিটি বর্ধমান, অণ্ডাল, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩ ৩৬৩<br>**২. গুরুচরণ মুখার্জি (সহ–আবেদনকারিণী)** উখরা, মুখার্জি পাড়া, অণ্ডাল, বর্ধমান, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩ ৩৬৩।<br>**৩. প্রিয়াঙ্কা মুখার্জি (সহ–আবেদনকারিনী)** চ্যাটার্জি পাড়া, উখরা সিটি বর্ধমান, অণ্ডাল, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩ ৩৬৩<br>**৪. মেসার্স জি ডি ট্রেডিং কোং (সহ–আবেদনকারিণী)** উখরা, মুখার্জি পাড়া, অণ্ডাল, বর্ধমান, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩ ৩৬৩। | ১০.১১.২০২৫<br>₹২২,৩৬,১৭৮.০০<br>১০.১১.২০২৫ অনুযায়ী | কাঠামো সহ ২.৫ ডেসিমেল বাস্তু জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, চ্যাটার্জি পাড়া, মৌজা উখরা, তৌজি ১২, জে এল নং ১৮, খতিয়ান নং ৮২৩/১, আর এস এবং এল আর প্লট নং ১০৪৪, থানা অণ্ডাল, পশ্চিম বর্ধমান, পিন–৭১৩ ৩৬৩। **চৌহদ্দি**: উত্তর: অশ্বিনী নায়েকের সম্পত্তি; দক্ষিণ: মুখার্জির সম্পত্তি; পূর্ব: দ্বিজপদ মুখার্জির সম্পত্তি; পশ্চিম: সাতকড়ি ডাক্তারের সম্পত্তি। | ক) ₹২৮,০০,০০০.০০<br>খ) ₹২,৮০,০০০.০০<br>গ) ₹২৫,০০০.০০ | ক) ২৮.০৪.২০২৬ (সকাল ১১টা থেকে দুপুর ১টা) (প্রতি ক্ষেত্রে ৩ মিনিটের সীমাহীন সম্প্রসারণে)<br>খ) ২৭.০৪.২০২৬ (বিকেল ৫টা পর্যন্ত)<br>গ) ২০.০৪.২০২৬ এবং ২১.০৪.২০২৬ (সকাল ১০টা থেকে দুপুর ১টা)<br>ঘ) ১০.০২.২০২৬ (প্রতীকী দখল) |
| ২. | **লোন অ্যাকাউন্ট নম্বর: ML01KSN00000061511**<br>**ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/বন্ধকদাতা:**<br>**১. আমিনুল হক (আবেদনকারী),** প্রযত্নে– রুহুল আমিন ত্রিমোহিনী, থানা– নওদা, রমনাচাঁদপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন–৭৪২১৭৫<br>**২. মেসার্স এ আর ট্রেডার্স (সহ–আবেদনকারী)** ত্রিমোহিনী, থানা– নওদা, রমনাচাঁদপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন–৭৪২১৭৫<br>**৩. মুরশিদা খাতুন (সহ–আবেদনকারিণী),** প্রযত্নে– আমিনুল হক ত্রিমোহিনী, থানা– নওদা, রমনাচাঁদপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন–৭৪২১৭৫ | ১০.১১.২০২৫<br>₹২০,৪৫,৩১৬.০০<br>১০.১১.২০২৫ অনুযায়ী | সামান্য কমবেশি ৭ ডেসিমেল (৩০৪৯ বর্গফুট) জমি ও উপরিস্থিত কাঠামোর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বুন্দাইনগর, জে এল নং ১৬, তৌজি নং ১৮, আর এস এবং এল আর দাগ নং ১৬, এল আর খতিয়ান নং ১৪২৭, সম্পর্কিত নং ৮২২২, থানা– নওদা, পোঃঅঃ– ত্রিমোহিনী, রামচন্দ্রপুর, জেলা– মুর্শিদাবাদ, পিন–৭৪২১৭৫। **চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– ১২ ফুট চওড়া পাকা রাস্তা; দক্ষিণ– রমজান মণ্ডলের সম্পত্তি; পূর্ব– নুরুল মাস্টারের সম্পত্তি; পশ্চিম– সাকলাইন শেখের সম্পত্তি।<br>**এখানে এই বিষয়টিও প্রজ্ঞাপিত করা হচ্ছে যে, ডিআরটি শিলিগুড়ি সমীপে মামলা নং এসএ/৪৭/২০২৬ মীমাংসাধীন, যেগুলিতে আজকের তারিখ পর্যন্ত এই নিলামের প্রেক্ষিতে 'কোনও অন্তর্বর্তী বা স্থায়ী স্থগিতাদেশ নেই'।** | ক) ₹৩৯,০০,০০০.০০<br>খ) ₹৩,৯০,০০০.০০<br>গ) ₹২৫,০০০.০০ | ক) ২৮.০৪.২০২৬ (সকাল ১১টা থেকে দুপুর ১টা) (প্রতি ক্ষেত্রে ৩ মিনিটের সীমাহীন সম্প্রসারণে)<br>খ) ২৭.০৪.২০২৬ (বিকেল ৫টা পর্যন্ত)<br>গ) ২০.০৪.২০২৬ এবং ২১.০৪.২০২৬ (সকাল ১০টা থেকে দুপুর ১টা)<br>ঘ) ২৪.০১.২০২৬ (প্রতীকী দখল) |
| ৩. | **লোন অ্যাকাউন্ট নম্বর: ML01TWA00000064033**<br>**ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ বন্ধকদাতা:**<br>**১. ইকবাল মণ্ডল (আবেদনকারী)** গ্রাম–ত্রিমোহিনী, পূর্ব পাড়া, থানা নওদা, রামচন্দ্রপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন–৭৪২১৭৫।<br>**২. মেসার্স নিউ হার্ডওয়ার (সহ–আবেদনকারী)** গ্রাম–ত্রিমোহিনী, পূর্ব পাড়া, থানা নওদা, রামচন্দ্রপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন–৭৪২১৭৫।<br>**৩. সাফিনা বিবি (সহ–আবেদনকারিনী)** গ্রাম–ত্রিমোহিনী, পূর্ব পাড়া, থানা নওদা, রামচন্দ্রপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন–৭৪২১৭৫। | ১০.১১.২০২৫<br>₹৪৬,০৫,৪৫৫.০০<br>১০.১১.২০২৫ অনুযায়ী | কাঠামো সহ কমবেশি ১১.৩৩ ডেসিমেল (৪৯৩৫ বর্গফুট) এবং দলিল অনুসারে ১১.৮২ ডেসিমেল জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মৌজা–পরেশনাথপুর, জে এল নং ১৫, তৌজি ২৭৫৭, আর এস এবং এল আর দাগ নং ১১৬, এল আর খতিয়ান নং ৬৮৫০, ৬৮৫৬, থানা নওদা, কেদারচাঁদপুর–২ গ্রাম পঞ্চায়েত, পোঃ ত্রিমোহিনী, পোঃ ত্রিমোহিনী, মুর্শিদাবাদ, পিন–৭৪২১৭৫। **চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– তহাজুদ্দিন শেখের সম্পত্তি; দক্ষিণ– লালো মণ্ডলের সম্পত্তি; পূর্ব– কেদার মণ্ডলের সম্পত্তি; পশ্চিম– ১০ ফুট চওড়া পাকা রাস্তা। | ক) ₹৬১,০০,০০০.০০<br>খ) ₹৬,১০,০০০.০০<br>গ) ₹৫০,০০০.০০ | ক) ২৮.০৪.২০২৬ (সকাল ১১টা থেকে দুপুর ১টা) (প্রতি ক্ষেত্রে ৩ মিনিটের সীমাহীন সম্প্রসারণে)<br>খ) ২৭.০৪.২০২৬ (বিকেল ৫টা পর্যন্ত)<br>গ) ২০.০৪.২০২৬ এবং ২১.০৪.২০২৬ (সকাল ১০টা থেকে দুপুর ১টা)<br>ঘ) ২৪.০১.২০২৬ (প্রতীকী দখল) |

১. সকল আগ্রহী অংশগ্রহণকারী/ বিডারকে অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা এই ব্যক্তিগণের সঙ্গে যোগাযোগ করেন: **মিঃ প্রকাশ ভার্মা (অনুমোদিত আধিকারিক): মোবাইল নং: ৯৯৮১৩ ৪৩১৯১ এবং মিঃ শুভ্রাংশু রক্ষিত, মোবাইল নং: ৯৬৭৪৪ ৫৮৫৫৫; ওয়েবসাইট: https://bankauctions.in/ এবং https://cholamandalam.com/news/auction-notices.**
বিশদ তথ্য ও সহায়তার দরকার হলে সম্ভাব্য বিডাররা এখানে যোগাযোগ করতে পারেন: **মিঃ মুহাম্মদ রহিস, মোবাইল: ৮১২৪০ ০০০৩০/ ৬৩৭৪৮ ৪৫৬১৬;**
**ই–মেল আইডি: CholaAuctionLAP@chola.murugappa.com**। শুধুমাত্র ই–নিলামের প্রশিক্ষণ নেওয়ার জন্য **যোগাযোগ: মেসার্স ৪ক্লোজার; রেখা: ৮১৪২০ ০০০৬২।**
২. শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে এবং ই–নিলামে অংশ নিতে অনুগ্রহপূর্বক **https://bankauctions.in/** এবং **https://cholamandalam.com/news/auction-notices** দেখুন।

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) অধীনে এটি একটি ৩০ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি**

তারিখ: ২৬.০৩.২০২৬
স্থান: কলকাতা (পশ্চিমবঙ্গ)

অনুমোদিত আধিকারিক
চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড



যূকো বৈংক UCO BANK (A Govt. of India Undertaking)

**জোনাল অফিস, শিলিগুড়ি**
হিল কার্ট রোড, শিলিগুড়ি–৭৩৪০০১

**ই–নিলাম বিজ্ঞপ্তি**

**স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য ই–নিলামের প্রকাশ্য বিজ্ঞপ্তি**
**ই–নিলামের তারিখ: ২৯.০৪.২০২৬**

**২৯.০৪.২০২৬ তারিখে দুপুর ১টা থেকে বিকেল ৫টার মধ্যে প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে https://www.baanknet.com ওয়েব পোর্টালের মাধ্যমে ই–নিলাম আয়োজিত হবে।**
**ইএমডি এবং নথিপত্র জমার শেষ তারিখ ও সময়: ২৯.০৪.২০২৬, দুপুর ১২টা পর্যন্ত**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর সম্পত্তি(সমূহ) বিক্রির ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**
এতদ্দ্বারা বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, ইউকো ব্যাঙ্কে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তিগুলি ইউকো ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক প্রতীকী/ বাস্তবিক দখল [নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির বর্ণনার পাশে প্রযোজ্যমতো দখলের প্রকৃতি উল্লেখ করা হয়েছে] নিয়েছেন এবং এই ব্যাঙ্কের বকেয়া পুনরুদ্ধারের জন্য উক্ত সম্পত্তিগুলি **'যেখানে যেমন আছে', 'সেখানে যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে ২৯.০৪.২০২৬ তারিখে বিক্রি করা হবে।

**স্থাবর / অস্থাবর সম্পত্তিগুলির বিবরণ**

| ক্রম নং | শাখা এবং অ্যাকাউন্টের নাম, অ্যাকাউন্ট নম্বর/ শাখা প্রবন্ধকের নাম ও যোগাযোগের নম্বর | সম্পত্তির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম | ক) অনাদায়ী বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের তারিখ | সংরক্ষণ মূল্য / ইএমডি / বিড বাড়ানোর মূল্য | পরিদর্শনের তারিখ ও সময় | ই–নিলামের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | **শাখা:** ময়নাগুড়ি (০২৭৬)<br>**অ্যাকাউন্টের নাম:** মেসার্স দত্ত অ্যাগ্রো প্ল্যান্টেশন প্রাঃ লিঃ<br>**ডিরেক্টর ও জামিনদার:** মিঃ সঞ্জয় দত্ত, মিসেস মিঠু দাস<br>**অ্যাকাউন্ট নম্বর:** ০২৭৬০৬১০০১৮১৯৪, ০২৭৬০৬১০০১৭০৭৪, ০২৭৬০৬১০০১৭১৩৫, ০২৭৬আইজিএফআইএন০০০৭১৫<br>**শাখা প্রবন্ধক:** শচীন দিলীপ পালিওয়াল<br>**যোগাযোগ নম্বর:** ৯১৪৭৪০৪৩৭৬ | জমি এবং কারখানার ছাউনি/ ভবনের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– চাওয়াফুলি, প্লট নং ৭৭ থেকে ৭৮৮ (৬৪টি প্লট) ও ৭৩৬ থেকে ৭৮২ (২৪টি প্লট), (এল আর) খতিয়ান নং ৪৫ ও ৪২ (এল আর), শিট নং ২, জে এল নং ৩০, মেটেলি বাতাবাড়ি গ্রাম পঞ্চায়েত, পোঃঅঃ ও থানা– মেটেলি, জেলা– জলপাইগুড়ি, জমির পরিমাপ ৮৭.২১ একর (ইজারাধীন জমি ৬৫.৮৮ একর এবং রেজিস্টার্ড জমি ২১.৩৩ একর, ০.৯৪ একর চা কারখানায় রূপান্তরিত)।<br>**জমি সম্পর্কিত বিশদ তথ্য:**<br>দলিল নং / স্বত্বধারকের নাম / এল আর খতিয়ান নং / এল আর প্লট নং / পরিমাপ (একর)<br>ইজারা দলিল নং I–৩১৩১ / দত্ত অ্যাগ্রো প্ল্যান্টেশন প্রাঃ লিঃ / ৪৫ / ৭৭–৭৮৮ (৬৪টি প্লট) / ৬৫.৮৮<br>জমির দলিল নং I–৩৪৯৫/২০০৬ / দত্ত অ্যাগ্রো প্ল্যান্টেশন প্রাঃ লিঃ / ৪২ / ৭৩৬–৭৮২ (২৪টি প্লট) / ২১.৩৩<br>**সম্পত্তির চৌহদ্দি: উত্তর**– বড়দিঘি টি এস্টেট; দক্ষিণ– নেওড়া নদী; পূর্ব– কাঁচা রাস্তা; পশ্চিম– নেওড়া নদী।<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ₹৮,৩৯,০৭,৩১২.৩০ তহবিল–ভিত্তিক সুবিধার প্রেক্ষিতে এবং ₹১৫,২২,০০০.০০ তহবিল–ভিত্তিক নয় এমন সুবিধার প্রেক্ষিতে + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ ও মাশুল<br>খ) ২০.০৮.২০২৫<br>গ) ৩০.১০.২০২৫ | ₹১১,২০,২২,০০০.০০<br>₹১,১২,০২,২০০.০০<br>₹৫০,০০০.০০ | ০১.০৪.২০২৬ সকাল ১১টা থেকে ২৮.০৪.২০২৬ বিকেল ৪টা | ২৯.০৪.২০২৬ দুপুর ১টা থেকে বিকেল ৫টা প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন স্বতঃ সম্প্রসারণে |
| ২ | **শাখা:** ময়নাগুড়ি (০২৭৬)<br>**অ্যাকাউন্টের নাম:** মেসার্স দত্ত অ্যাগ্রো প্ল্যান্টেশন প্রাঃ লিঃ<br>**ডিরেক্টর ও জামিনদার:** মিঃ সঞ্জয় দত্ত, মিসেস মিঠু দাস<br>**অ্যাকাউন্ট নম্বর:** ০২৭৬০৬১০০১৮১৯৪, ০২৭৬০৬১০০১৭০৭৪, ০২৭৬০৬১০০১৭১৩৫, ০২৭৬আইজিএফআইএন০০০৭১৫<br>**শাখা প্রবন্ধক:** শচীন দিলীপ পালিওয়াল<br>**যোগাযোগ নম্বর:** ৯১৪৭৪০৪৩৭৬ | মেসার্স দত্ত অ্যাগ্রো প্ল্যান্টেশন প্রাঃ লিঃ–এর স্বত্বাধীনে চাওয়াফুলি, পোঃঅঃ– বড়দিঘি, থানা– মেটেলি, জেলা– জলপাইগুড়ি, রাজ্য– পশ্চিমবঙ্গ, পিন–৭৩৫২৩০ ঠিকানাস্থিত মেসার্স দত্ত অ্যাগ্রো প্ল্যান্টেশন প্রাঃ লিঃ–এর কারখানা প্রেমিসেসে স্থাপিত যাবতীয় স্থায়ী ও চলতি যন্ত্র ও যন্ত্রাংশ (অ্যানেক্সার–I অনুযায়ী)।<br>**[সম্পত্তি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ₹৮,৩৯,০৭,৩১২.৩০ তহবিল–ভিত্তিক সুবিধার প্রেক্ষিতে এবং ₹১৫,২২,০০০.০০ তহবিল–ভিত্তিক নয় এমন সুবিধার প্রেক্ষিতে + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ ও মাশুল<br>খ) ২০.০৮.২০২৫<br>গ) ৩০.১০.২০২৫ | ₹১,৬৯,১৩,০০০.০০<br>₹১৬,৯১,৩০০.০০<br>₹৫০,০০০.০০ | ০১.০৪.২০২৬ সকাল ১১টা থেকে ২৮.০৪.২০২৬ বিকেল ৪টা | ২৯.০৪.২০২৬ দুপুর ১টা থেকে বিকেল ৫টা প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন স্বতঃ সম্প্রসারণে |
| ৩ | **শাখা:** রঘুনাথগঞ্জ (২২১৮)<br>**অ্যাকাউন্টের নাম:** মিঃ মুকেশ রায়<br>**অ্যাকাউন্ট নম্বর:** ২২১৮০৬১০০০৮৩২৪<br>**শাখা প্রবন্ধক:** মৃণাল সরকার<br>**যোগাযোগ নম্বর:** ৮৯৭২৫৭১৯০৭ | সামান্য কমবেশি ৩.৫০ ডেসিমেল জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– ৬৬ নং সাউথ গণেশপুর, জে এল নং ৬৬, দাগ নং ৩৫ ও ৩৬, এল আর দাগ নং ৫৪ ও ৫৫, সাবেক খতিয়ান নং ১৫৬ ও ১৮২, হাল খতিয়ান নং ১৬, হাল এল আর ৯০০, গ্রাম– সাউথ গণেশপুর, বাহাদুরপুর গ্রাম পঞ্চায়েত, গণেশপুর, পোঃঅঃ– গণেশপুর, থানা– জিয়াগঞ্জ, জেলা– মুর্শিদাবাদ, পিন–৭৪২১২৩। ডিএসআর–I, মুর্শিদাবাদে ভলিউম নং ১২০১–২০১৬, পৃষ্ঠা নং ১১০৯১২ থেকে ১১০৯৩১–তে নথিভুক্ত ১৩.০৭.২০১৬ তারিখে সম্পাদিত দলিল নং I–৫৬২৮/২০১৬ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক মুকেশ রায়, পিতা– ফুলাল রায়।<br>সম্পত্তির চৌহদ্দি: উত্তর– রথীকান্ত রায়ের প্লট; দক্ষিণ– কংক্রিটের পঞ্চায়েতি গলি; পূর্ব– হিতেশ রায়ের টালির ছাউনি; পশ্চিম– সত্যনারায়ণ রায়ের বাড়ি।<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ₹৩৪,১৯,৭৮২.৫৩ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ ও মাশুল<br>খ) ১৯.০৯.২০২৫<br>গ) ২৭.১১.২০২৫ | ₹৩৪,৮৮,০০০.০০<br>₹৩,৪৮,৮০০.০০<br>₹১০,০০০.০০ | ০১.০৪.২০২৬ সকাল ১১টা থেকে ২৮.০৪.২০২৬ বিকেল ৪টা | ২৯.০৪.২০২৬ দুপুর ১টা থেকে বিকেল ৫টা প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন স্বতঃ সম্প্রসারণে |
| ৪ | **শাখা:** কালুয়ারি (২৬৮৯)<br>**অ্যাকাউন্টের নাম:** মিঃ আবদুর রাকিব<br>**অ্যাকাউন্ট নম্বর:** ২৬৮৯০৫১০০০৮১৯৫<br>**শাখা প্রবন্ধক:** সোমনাথ সিংহ<br>**যোগাযোগ নম্বর:** ৮৬৯৭৬৮২৪৭৩ | জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: গ্রাম– জালাঙ্গা, পোঃঅঃ– নারায়ণপুর, থানা– মালদা, মৌজা– ঝাঁঝরা, প্লট নং– এল আর ২০৩, ২০৪, পুরনো খতিয়ান নং ৩৬৯, এল আর ১৭৮, জে এল নং ১০১, রেজিস্ট্রি অফিস– এডিএসআর মালদায় রেজিস্টার্ড বিক্রয় দলিল নং I–২৩৮৮/২০০২ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক মিঃ আবদুর রাকিব, জমির পরিমাপ– ৩৩.০০ ডেসিমেল।<br>সম্পত্তির চৌহদ্দি: উত্তর– (আবদুর রাকিব) মালিকের প্লট নং ২০৬; দক্ষিণ– পঞ্চায়েতি রাস্তা; পূর্ব– মালিক (আবদুর রাকিব) এবং বাবর আলি; পশ্চিম– কৃষ্ণ রায়।<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ₹৫,২৩,৬৪৮.৫৮ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ ও মাশুল<br>খ) ১৬.০৫.২০২৫<br>গ) ২৩.০৭.২০২৫ | ₹১,১৫,৫৩,০০০.০০<br>₹১১,৫৫,৩০০.০০<br>₹১০,০০০.০০ | ০১.০৪.২০২৬ সকাল ১১টা থেকে ২৮.০৪.২০২৬ বিকেল ৪টা | ২৯.০৪.২০২৬ দুপুর ১টা থেকে বিকেল ৫টা প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন স্বতঃ সম্প্রসারণে |
| ৫ | **শাখা:** ফরাক্কা (১৩৪৩)<br>**অ্যাকাউন্টের নাম:** মেসার্স বিশ্বাস এক্সপোর্টার<br>**প্রোপ্রাইটর:** মিঃ ইমদাদউল বিশ্বাস<br>**অ্যাকাউন্ট নম্বর:** ১৩৪৩০৫১০০০৪৯১৩<br>**শাখা প্রবন্ধক:** সুজিত কুমার সিনহা<br>**যোগাযোগ নম্বর:** ৮০৮৪০৬৭১৭৯ | সামান্য কমবেশি ২.০০ ডেসিমেল জমি ও বাড়ি নিয়ে গঠিত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্লট নং ৯২০ (আর এস ৬২৭), এল আর খতিয়ান নং ৯৭৬৬, জে এল নং ৫৮, মৌজা– কুলি, সম্পত্তির স্বত্বধারক রাজিয়া সুলতানা চৌধুরি, স্বামী– ইমদাদউল বিশ্বাস, গ্রাম– দুর্গাপুর, পোঃঅঃ– নয়নসুখ, থানা– ফরাক্কা, জেলা– মুর্শিদাবাদ, সাব রেজিস্ট্রারের অফিস– নিমতিতা, জেলা– মুর্শিদাবাদ।<br>**সম্পত্তির চৌহদ্দি:** উত্তর– সূর্য নারায়ণ ভকতের জমি; দক্ষিণ– তাজমহল বেগমের জমি; পূর্ব– ২৫ ফুট চওড়া পাকা রাস্তা; পশ্চিম– তাজমহল বেগমের জমি।<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ₹১২,৫৪,৭০৯.৯৮ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ ও মাশুল<br>খ) ১০.১২.২০২৪<br>গ) ১২.০২.২০২৫ | ₹৩৩,০২,০০০.০০<br>₹৩,৩০,২০০.০০<br>₹১০,০০০.০০ | ০১.০৪.২০২৬ সকাল ১১টা থেকে ২৮.০৪.২০২৬ বিকেল ৪টা | ২৯.০৪.২০২৬ দুপুর ১টা থেকে বিকেল ৫টা প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন স্বতঃ সম্প্রসারণে |

**শর্ত ও নিয়মাবলি:**
১. এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলি সাপেক্ষ হবে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলি নিম্নলিখিত ওয়েবসাইট/ ওয়েব পোর্টালে দেওয়া আছে: **https://www.baanknet.com**।
২. সম্পত্তিগুলি **'যেখানে যেমন আছে', 'যেভাবে আছে' এবং 'যা কিছু আছে'** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে। নিজেদের বিড জমা দেওয়ার আগে আগ্রহী বিডাররা অবশ্যই সম্পত্তির ওপর দায়, নিলাম হতে চলা সম্পত্তির স্বত্ব, সম্পত্তিকে প্রভাবিত করতে পারে এমন দাবি/ অধিকার/ বকেয়া, সম্পত্তির বাস্তবিক দখল নিতে (প্রতীকী দখলাধীন সম্পত্তিগুলির ক্ষেত্রে) প্রয়োজনীয় সময় ও খরচ ইত্যাদি সম্পর্কে নিজে স্বাধীনভাবে খতিয়ে জেনে নেবেন। সম্পত্তি কর, বিদ্যুতের খরচ ইত্যাদি সমেত যাবতীয় উদ্ভূত বিধিবদ্ধ বকেয়া সফল বিডারকেই বহন করতে হবে। কোনও প্রকার তৃতীয় পক্ষের দাবি/ অধিকার/ বকেয়া এবং সম্পত্তির বাস্তবিক দখল নিতে (প্রতীকী দখলাধীন সম্পত্তিগুলির ক্ষেত্রে) যে কোনও ধরনের বিলম্ব, মাশুল ও/বা আইনি সমস্যার জন্য অনুমোদিত আধিকারিক/ সুরক্ষিত ঋণদাতা কোনওভাবেই দায়ী থাকবেন না।
৩. ওপরের তফসিলে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বশেষ ও সেরা জ্ঞান ও তথ্যানুসারে দেওয়া হয়েছে। তবে, এই ঘোষণাপত্রে কোনও ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে বাধ্য থাকবেন না।
৪. সফল বিডারকে ইতিমধ্যে জমাকৃত ইএমডি অর্থাঙ্ক সমন্বয় করে বিড অর্থাঙ্কের ২৫% (পঁচিশ শতাংশ) নিলামের তারিখেই এবং বাকি অর্থাঙ্ক নিলামের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে আদায় দিতে হবে। ওপরে নির্ধারিত মেয়াদের মধ্যে এই অর্থাঙ্ক জমা দিতে ব্যর্থ হলে, সংশ্লিষ্ট বিডার দ্বারা জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক অনুমোদিত আধিকারিক বাজেয়াপ্ত করবেন এবং এই নিলাম বাতিল করে নতুন নিলাম আয়োজনের পূর্ণ স্বাধীনতা অনুমোদিত আধিকারিকের থাকবে।
৫. প্রযোজ্যমতো কনভেয়ান্স দলিলের জন্য প্রদেয় চার্জ/ ফি, পরিষেবা কর/ উৎসমূলে কাটা কর (₹৫০ লক্ষ বা তার বেশি মূল্যের সম্পত্তির ক্ষেত্রে ১৯৪ IA ধারা অনুসারে) সমেত যাবতীয় কর সফল বিডার/ ক্রেতাকেই বহন করতে হবে।
৬. কোনও কারণ না দেখিয়ে যে কোনও বা সকল বিড গ্রহণ বা গ্রহণযোগ্য মনে না হলে যে কোনও বা সকল বিড বাতিল করা, এমনকী নিলামের শর্তাবলিতে রদবদল করা বা কোনও মাশুল বা ক্ষতিপূরণ ছাড়াই যে কোনও পর্যায়ে এই নিলাম স্থগিত/ বাতিল/ মুলতুবি/ বন্ধ করার পূর্ণ অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে এবং এমন ক্ষেত্রে অনুমোদিত আধিকারিকের সিদ্ধান্তই চূড়ান্ত ও অবশ্য পালনীয় হবে।
৭. এই প্রকাশনাটি সংশ্লিষ্ট সকল ঋণগ্রহীতা ও জামিনদারের প্রতি একটি ৩০ দিনের নোটিস।
৮. ওপরে নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমে উপরিলিখিত সম্পত্তিগুলি বিক্রি করা হবে না।
৯. ইউআরএল: **https://www.baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা এই বিক্রি ২৯.০৪.২০২৬ তারিখে আয়োজিত হবে এবং তা দুপুর ১টায় শুরু হবে।
১০. প্রতিনিধি নিয়োগ এবং এই নিলামে নিজেদের জন্য বিড করা ও অংশ নেওয়ানোর অধিকার এই ব্যাঙ্কের থাকবে।

তারিখ: ১৮.০৩.২০২৬ এবং ২০.০৩.২০২৬
স্থান: শিলিগুড়ি

চিফ ম্যানেজার এবং অনুমোদিত আধিকারিক
ইউকো ব্যাঙ্ক (সুরক্ষিত ঋণদাতা)